গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী
উন্নয়ন ও মানবসম্পদ ব্যবস্থাপনা শাখা
www.rajshahi.gov.bd

এপ্রিল, ২০২৩ মাসে অনুষ্ঠিত রাজশাহী জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি	শামীম আহমেদ, জেলা প্রশাসক ও সভাপতি, জেলা উন্নয়ন সমন্বয় কমিটি, রাজশাহী
সভার তারিখ	১৬.০৪.২০২৩ খ্রি.
সভার সময়	সকাল ১০.০০ টা
স্থান	সম্মেলন কক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী
উপস্থিতি	পরিশিষ্ট 'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি এ জেলার জেলা প্রশাসক হিসেবে নতুন যোগদান করায় সভায় নিজ পরিচয় প্রদান করেন এবং কমিটির সদস্যদের পর্যায়ক্রমে পরিচয় প্রদানের জন্য অনুরোধ করেন। পারস্পরিক পরিচিতির পর তিনি উন্নয়নের ধারাবাহিকতা বজায় রাখা এবং স্ব-স্ব দপ্তর কর্তৃক বাস্তবায়িত উন্নয়ন কার্যক্রমসমূহ যথাযথ তদারকির বিষয়ে গুরুত্বারোপ করেন। তিনি সভার আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম পরিচালনার জন্য অতিরিক্ত জেলা প্রশাসক (উন্নয়ন ও মানব সম্পদ ব্যবস্থাপনা), রাজশাহীকে অনুরোধ করেন। অত:পর সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (উন্নয়ন ও মানব সম্পদ ব্যবস্থাপনা), রাজশাহী আলোচ্যসূচি অনুযায়ী নির্ধারিত আলোচনাসমূহ নিম্নরূপে উপস্থাপন করেন।

ক্র. নং	আলোচ্য সূচি ও আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১.	**গত সভার কার্যবিবরণী পাঠ ও দৃঢ়ীকরণ** : সভায় গত ১৯.০৩.২০২৩ খ্রি. তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয়। কার্যবিবরণীতে কোনরুপ সংশোধনীর প্রয়োজনীয়তা আছে কিনা তা নিয়ে সভায় আলোচনা হয়।	গত ১৯.০৩.২০২৩ খ্রি. তারিখে অনুষ্ঠিত জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভার কার্যবিবরণীতে কোনরুপ সংশোধনীর প্রয়োজনীয়তা না থাকায় সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।	জেলা প্রশাসন ও সংশ্লিষ্ট সকল বিভাগ
০২.	**উপজেলাসমূহের উন্নয়ন সমন্বয় কমিটির সভার কার্যবিবরণী পর্যালোচনা :** উপজেলা নির্বাহী অফিসারগণ কর্তৃক বিবেচ্য মাসের (সভা অনুষ্ঠানের মাসের) পূর্ববর্তী মাসের কার্যবিবরণী নিয়মিত প্রেরণ করার বিষয়ে সভায় আলোচনা হয়।	পূর্ববর্তী মাসের উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভার কার্যবিবরণী নিয়মিত প্রেরণ অব্যাহত রাখবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার (সকল), রাজশাহী
০৩.	**কার্যপত্র প্রাপ্তি**: সদস্য সচিব জানান যে, আলোচ্য মাসে জেলার ৫৪টি দপ্তর থেকে কার্যপত্র পাওয়া যায় এবং অবশিষ্ট দপ্তর থেকে সভায় আলোচনার জন্য কোন তথ্য পাওয়া যায়নি। জেলা উন্নয়ন সমন্বয় সভার কার্যপত্র সঠিকভাবে প্রণয়নের জন্য প্রতি মাসের ৫ তারিখের মধ্যে প্রত্যেক দপ্তরকে সভা অনুষ্ঠানের পূর্ববর্তী মাসের সার্বিক কার্যক্রমের তথ্য প্রেরণের বিষয়ে আলোকপাত করা হয়।	জেলা উন্নয়ন সমন্বয় সভার কার্যপত্র প্রণয়নের জন্য প্রত্যেক বিভাগকে সভা অনুষ্ঠানের পূর্ববর্তী মাসের সার্বিক কার্যক্রমের তথ্যাদি প্রতি মাসের ৫ তারিখের মধ্যে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	সকল দপ্তর প্রধান

০৪.	**বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতির হার :** বিগত ফেব্রুয়ারি ও মার্চ ২০২৩ মাসে অনুষ্ঠিত রাজশাহী জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন হার পর্যালোচনা করা হয়, যা নিম্নরূপ: মাসের নাম / গৃহীত সিদ্ধান্ত সংখ্যা / বাস্তবায়িত সিদ্ধান্ত সংখ্যা / বাস্তবায়ন হার ফেব্রুয়ারি-২০২৩ / ৮৯ / ৮২ / ৯২% মার্চ-২০২৩ / ৬৫ / ৬১ / ৯৩% জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের অধিকাংশ সিদ্ধান্ত বাস্তবায়ন হওয়ায় সভায় সন্তোষ প্রকাশ করা হয়। শতভাগ সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সকল সদস্যদের নির্দেশনা প্রদান করা হয়।	জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভায় গৃহীত সিদ্ধান্ত সমূহের শতভাগ বাস্তবায়নের বিষয়ে সচেষ্ট থাকার জন্য দপ্তর সমূহকে অনুরোধ জানানো হয়।	সকল দপ্তর প্রধান

মাসের নাম	গৃহীত সিদ্ধান্ত সংখ্যা	বাস্তবায়িত সিদ্ধান্ত সংখ্যা	বাস্তবায়ন হার
ফেব্রুয়ারি-২০২৩	৮৯	৮২	৯২%
মার্চ-২০২৩	৬৫	৬১	৯৩%

আলোচ্যসূচি-০৫ :

বিভাগ ভিত্তিক আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ :

ক্র:নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
৫.০১	**স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, রাজশাহী :** আলোচনার শুরুতে নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, রাজশাহী কমিটির সকল সদস্যকে স্বাগত জানান। তিনি তাঁর বিভাগের প্রকল্পের তথ্যসমূহ সভায় উপস্থাপন করেন। তিনি বলেন, বর্তমানে ১৯টি প্রকল্পের কার্যক্রম চলমান আছে এবং ৯টি প্রকল্পের কার্যক্রম ইতোমধ্যে সমাপ্ত হয়েছে। চলমান প্রকল্প বাস্তবায়নের জন্য ১০২ কোটি টাকা বরাদ্দ পাওয়া গেছে। তিনি আশা প্রকাশ করেন যে, চলমান প্রকল্পসমূহের কার্যক্রম আগামী জুন মাসের মধ্যে সমাপ্ত হবে এবং একই সময়ের মধ্যে সংশ্লিষ্ট দপ্তর প্রধানের নিকট হস্তান্তর করা সম্ভব হবে। তিনি আরো জানান যে, গোদাগাড়ী উপজেলায় ২টি সংযোগ সড়কের মাঝে একটি বিল্ডিং থাকায় প্রায় ১০০মিটার রাস্তার কাজে বিঘ্নতার সৃষ্টি হয়েছে। তবে বিল্ডিং এর মালিক তা অপসারণের জন্য কাজ করছেন। এছাড়া পল্লী সড়ক ও কালভার্ট মেরামত কর্মসূচির (GOBM) মোট ১০৬টি স্কীমের মধ্যে ৬২টি স্কীমের কাজ সমাপ্ত হয়েছে। বৃহত্তর রাজশাহী জেলার গ্রামীণ অবকাঠামো উন্নয়ন প্রকল্পের (GRDRIDP) মোট প্রকল্পের সংখ্যা ১৬৫টি। তন্মধ্যে ১৪৯টি স্কীমের কাজ সমাপ্ত হয়েছে এবং অন্যান্য প্রকল্পসমূহের কার্যক্রম চলমান রয়েছে।	৫.১.১ প্রকল্পের কাজের গুণগতমান ঠিক রেখে নির্ধারিত সময়ের মধ্যে কাজ সম্পন্ন করার জন্য নির্বাহী প্রকৌশলীকে অনুরোধসহ স্থানীয় জনপ্রতিনিধিগণকে এ বিষয়ে নজরদারি করার জন্য অনুরোধ জানানো হয়। ৫.১.২-উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভায় উন্নয়নমূলক প্রকল্প নিয়ে আলোচনার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	১।নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, রাজশাহী ২। ইউএনও (সকল), রাজশাহী ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোদাগাড়ী, রাজশাহী

৫.০২	**গণপূর্ত বিভাগ-১, রাজশাহী :** নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ-১ এর উন্নয়নমূলক প্রকল্পের তথ্য সভায় উপস্থাপন করা হয়। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ-১ জানান যে, 'বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার, রাজশাহী স্থাপন' শীর্ষক প্রকল্পের ৯৯% সমাপ্ত হয়েছে। অবশিষ্ট কাজ জুনের মধ্যে সমাপ্ত হবে মর্মে সভায় জানানো হয়। তিনি আরো জানান যে, গণপূর্ত বিভাগ-১, রাজশাহীর আওতায় ৫টি মডেল মসজিদের মধ্যে ৩টি মডেল মসজিদের উদ্বোধন হয়েছে এবং বাঘা উপজেলা মডেল মসজিদের কার্যক্রম শুরু হয়েছে। Construction of a Monument at Slaughter Place named Babla Ban infront of DC bunglow at Rajshahi under the project of Conservation of Slaughter Places and Construction of Monuments at Slaughter Places Created by the Pakistani Hanader Forces during Liberation War of 1971 (2nd Phase) প্রকল্পের সাইট নিয়ে মামলা চলমান থাকায় কাজ করা সম্ভব হচ্ছে না। এছাড়া Construction of 3-storied Rajshahi Regional office building of BPSC Secretariat with 4-storied Foundation including multipurpose hall and ancillary works. প্রকল্পের ২য় তলার ছাদ ঢালাই সম্পন্ন হয়েছে। আগামী অক্টোবর মাসের মধ্যে প্রকল্পের কাজ শেষ হবে মর্মে সভায় জানানো হয়।	৫.১.২ প্রকল্পের কাজের গুণগতমান ঠিক রেখে নির্ধারিত সময়ের মধ্যে কাজ সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট দপ্তরপ্রধানকে অনুরোধ করা হয়।	নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ-১, রাজশাহী
৫.০৩	**গণপূর্ত বিভাগ-২, রাজশাহী :** নির্বাহী প্রকৌশলী গণপূর্ত বিভাগ-২ এর তথ্য সভায় উপস্থাপন করা হয়। কিন্তু সংশ্লিষ্ট দপ্তর প্রধান/প্রতিনিধি উপস্থিত না থাকায় আলোচনা করা যায়নি।	৫.৩.১- দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনাসহ ও আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।	১। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ-২, রাজশাহী
৫.০৪	**সড়ক ও জনপথ বিভাগ, রাজশাহী :** নির্বাহী প্রকৌশলী, সওজ, রাজশাহী এর তথ্য সভায় উপস্থাপন করা হয়। নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, রাজশাহী বলেন যে, ৩টি প্রকল্পে সংশ্লিষ্ট দপ্তরসমূহের সাথে সমন্বয় করে Utility Line Shifting এর কাজ চলমান রয়েছে। রাজশাহী-নওহাটা-চৌমাসিয়া সড়কের বিন্দুর মোড় হতে বিমান বন্দর হয়ে নওহাটা ব্রীজ পর্যন্ত পেভমেন্ট ৪-লেনে উন্নীতকরণ প্রকল্পের মেয়াদ আরও ১ বছর বাড়ানো হয়েছে এবং পুঠিয়া-বাগমারা যথাযথ মান ও প্রশস্ততায় উন্নীতকরণ প্রকল্পের সৌন্দর্য বর্ধনের কাজ চলছে। তিনি আরো জানান যে, বানেশ্বর-সারদা-চারঘাট-বাঘা-লালপুর-ঈশ্বরদী (পাবনা) (জেড-৬০০৬) জেলা মহাসড়ককে মানে উন্নীতকরণ প্রকল্পের ৭৪% অগ্রগতি হয়েছে । দেড় কিলোমিটার রাস্তার অধিগ্রহণ সমাপ্ত হলে প্রকল্প বাস্তবায়ন ত্বরান্বিত হবে। আসন্ন ঈদকে কেন্দ্র করে রাস্তার মেরামত কাজ অব্যাহত আছে।	৫.৪.১- প্রকল্পের কাজের গুণগতমান ঠিক রেখে নির্ধারিত সময়ের মধ্যে সমাপ্ত করার জন্য অনুরোধ করা হয়।	নির্বাহী প্রকৌশলী, সওজ, সড়ক বিভাগ, রাজশাহী।

৫.০৫	**সিভিল সার্জনের কার্যালয়, রাজশাহী :** সিভিল সার্জনের কার্যালয়, রাজশাহী'র তথ্য সভায় উপস্থাপন করা হয়। সিভিল সার্জন, রাজশাহী তীব্র তাপদাহের কারণে সকলকে সতর্ক থাকার পরামর্শ দেন এবং তরল জাতীয় খাবার গ্রহণের অনুরোধ করেন। তিনি জানান যে, প্রতিবেদনাধীন মাস পর্যন্ত করোনা ভাইরাসে আক্রান্ত হয়েছে ৩৪৭৬১ জন, সুস্থ্য ৩৪৪১৬ জন, মৃত-৩৪৪ জন এবং চিকিৎসাধীন ০১ জন। করোনা ভ্যাকসিন ১ম ডোজ-২৬৪৮৬৫৪ জন, ২য় ডোজ-২৫১৬৮১৯ জন, বুস্টার ডোজ ১৪২৪০৮১ জন এবং ৪র্থ ডোজ ৭২৯৩২ জনকে প্রদান করা হয়েছে। এছাড়া তার দপ্তরের অন্যান্য কার্যক্রম অব্যাহত রয়েছে।	৫.০৫.১ ডাক্তারের উপস্থিতি নিয়মিতকরণসহ স্বাস্থ্যসেবা ও টিকা প্রদান কার্যক্রম নিশ্চিত করার জন্য অনুরোধ করা হয় ।	সিভিল সার্জন, রাজশাহী
৫.০৬	**স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রাজশাহী** : নির্বাহী প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রাজশাহীর প্রেরিত তথ্য সভায় উপস্থাপন করা হয়। তিনি জানান, রাজশাহী জেলায় ৫টি প্রকল্পের কাজ যথারীতি চলছে।	৫.০৬.১ প্রকল্পের কাজের গুণগতমান ঠিক রেখে নির্ধারিত সময়ের মধ্যে কাজ সম্পন্ন করার জন্য অনুরোধ করা হয়।	নির্বাহী প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রাজশাহী
৫.০৭	**জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রাজশাহী** : জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রাজশাহী'র তথ্য সভায় উপস্থাপন করা হয়। নির্বাহী প্রকৌশলী,জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রাজশাহী বলেন যে, ৫টি প্রকল্প বাস্তবায়নের কার্যক্রম চলমান রয়েছে। বিভিন্ন উপজেলায় ১০০ টি বিদ্যালয়ে ২০০টি ওয়াস ব্লক নির্মাণ কার্যক্রমের ৮২% সমাপ্ত হয়েছে। তিনি আরো জানান যে, সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের দরপত্র প্রক্রিয়াধীন রয়েছে এবং বাংলাদেশের ২৩টি পৌরসভার পানি সরবরাহ ও স্যানিটেশন প্রকল্পের মধ্যে গোদাগাড়ী পৌরসভায় ৫টি পাবলিক টয়লেট, ২৬টি কমিউনিটি টয়লেট, ৯.২৬ কি.মি প্রাইমারী ড্রেন, ১টি সলিড ওয়েস্ট কম্পোস্টিং সিস্টেম, ১টি স্লাজ ট্রিটমেন্ট প্ল্যান্ট, ৪৮টি ডাস্টবিন এবং ১টি সলিড ওয়েস্ট সর্টিং শেড এর কাজ ৭৫% সম্পন্ন হয়েছে। এছাড়াও মুজিব শতবর্ষ উপলক্ষে ভূমিহীন ও গৃহহীন পরিবারের জন্য ৪র্থ পর্যায়ে নির্মিত ঘরে পানির উৎস/নলকূপ স্থাপন কাজের কার্যাদেশ প্রদান করা হয়েছে।	৫.০৭.১- প্রকল্পের কাজের গুণগতমান ঠিক রেখে নির্ধারিত সময়ের মধ্যে কাজ সম্পন্ন করার জন্য অনুরোধ করা হয়।	নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রাজশাহী
৫.০৮	**শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, রাজশাহী :** শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, রাজশাহী'র উন্নয়নমূলক প্রকল্পের তথ্য সভায় উপস্থাপন করা হয়। নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, রাজশাহী জানান যে, রাজশাহী জেলার ১০টি প্রকল্পের আওতায় ২০২২-২৩ অর্থবছরে মোট ১৮৭টি স্কিমের মধ্যে ১১৫টি স্কিমের কাজ চলমান আছে। ৭১টি স্কিমের কাজ সমাপ্ত হয়েছে এবং ১টি স্কীমের কাজ শুরুর অপেক্ষায়। কাজের গুণগত মান ঠিক রেখে নির্ধারিত সময়ের মধ্যে কাজ সম্পন্ন করার জন্য মনিটরিং জোরদার করা হয়ে মর্মে সভায় জানানো হয়। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোহনপুর, রাজশাহী বলেন যে, মোহনপুর সরকারি উচ্চ বিদ্যালয়ে ৬তলা বিশিষ্ট বিল্ডিং নির্মিত হচ্ছে। কিন্তু এর গেট নির্মাণকে কেন্দ্র করে হাইকোর্টে মামলা চলমান থাকায় গেট নির্মাণ কাজ বন্ধ আছে। তিনি হাইকোর্টে চলমান মামলাটির দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণের জন্য সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন।	৫.০৮.১- প্রকল্পের কাজের গুণগতমান ঠিক রেখে নির্ধারিত সময়ের মধ্যে কাজ বাস্তবায়ন করার জন্য অনুরোধ জানানো হয়।	নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, রাজশাহী

৫.০৯	**জেলা শিক্ষা অফিসারের কার্যালয়, রাজশাহী :** জেলা শিক্ষা অফিসারের কার্যালয়, রাজশাহী'র তথ্য সভায় উপস্থাপন করা হয়। জেলা শিক্ষা অফিসার জানান যে, তার কার্যালয়ের দাপ্তরিক কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। জেলা শিক্ষা অফিসারের দৃষ্টি আকর্ষণ করে সভাপতি বলেন যে, আগামী কয়েকদিন পরেই এসএসসি পরীক্ষা অনুষ্ঠিত হবে। পরীক্ষার প্রশ্নপত্র সংশ্লিষ্ট সকলের নিকট সঠিকভাবে বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন।	৫.০৯.১- সুষ্ঠুভাবে সকল কার্যক্রম সম্পাদনের জন্য অনুরোধ জানানো হয়।	জেলা শিক্ষা অফিসার, রাজশাহী
৫.১০	**কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রাজশাহী :** উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রাজশাহী সভায় জানান যে, চলতি খরিফ-১ মৌসুমে আউস আবাদের লক্ষ্যমাত্রা ৫২৬৩০ হেক্টর এর বিপরীতে এখন পর্যন্ত আবাদ হয়েছে ৪৭৭০ হেক্টর জমিতে। পাট আবাদের লক্ষ্যমাত্রা ১৯৫৪৬ হেক্টর এর বিপরীতে আবাদ হয়েছে ৭০৭২ হেক্টর জমিতে। চলতি মৌসুমে বৃষ্টি বেশী হলে পাট উৎপাদনের লক্ষ্যমাত্রা অর্জন সম্ভব হবে মর্মে সভায় জানানো হয়। তিনি আরও জানান যে, পেঁয়াজ উৎপাদনের সার্বিক অবস্থা অনেক ভাল। বাজারে নতুন পেঁয়াজ আসা শুরু হয়েছে। সারের পর্যাপ্ত মজুত রয়েছে। সারের দাম প্রতি কেজিতে ৫টাকা বাড়ানো হয়েছে। অনাবৃষ্টির কারণে আমের কিছুটা ক্ষতির সম্ভাবনা রয়েছে। এজন্য তিনি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করেন।	৫.১০.১- সম্প্রসারণমূলক কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে দপ্তরের সকলকে অধিকতর আন্তরিক হওয়ার জন্য অনুরোধ জানানো হয়। ৫.১১.২- সারের সঠিক বন্টণ নিশ্চিত করার জন্য উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রাজশাহী ও সকল উপজেলা নির্বাহী অফিসারগণকে অনুরোধ জানানো হয়।	১। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রাজশাহী ২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), রাজশাহী
৫.১১	**কৃষি বিপণন অধিদপ্তর, রাজশাহী :** এ কার্যালয়ের তথ্য পাওয়া গেছে। সভায় সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তা জানান, গত মাসের তুলনায় চলতি মাসে কেজি প্রতি আদা দেশি ৪৫/- ও বিদেশি ২৫/-, শুকনা মরিচ কেজি প্রতি দেশি ৩০/- ও বিদেশি ৩৫/-, আলু হল্যান্ড কেজি প্রতি ৩/- মূল্য বৃদ্ধি পেয়েছে । এছাড়া গত মাসের তুলনায় চলতি মাসে কেজি প্রতি চাউল মোটা ১-২/-, চাউল মাঝারী ২/-, আটা খোলা ২-৩/-, আস্ত ছোলা ৩/-, তেল সয়াবিন ৪-৫/-, মসলা পিয়াজ দেশি ৪/-, রসুন দেশি ২০/-, রসুন বিদেশি ৩০/-, ডিম লাল ১/-, চিনি ২/-, ব্রয়লার মুরগী ২৭/- হ্রাস পেয়েছে এবং অন্যান্য পণ্যের মূল্য স্থিতিশীল আছে। বাজার নিয়ন্ত্রন আইনে মার্চ/২৩ মাসে মোট ৫৯,৯০০/-টাকা রাজস্ব আদায় করে সরকারি কোষাগারে জমা প্রদান করা হয়েছে মর্মে জানানো হয়।	৫.১১.১- দাপ্তরিক ও অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়।	জেলা সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তা, রাজশাহী
৫.১২	**জেলা প্রাণিসম্পদ দপ্তর, রাজশাহী :** জেলা প্রাণিসম্পদ দপ্তরের তথ্য সভায় উপস্থাপন করা হয়। সভায় জেলা প্রাণি সম্পদ কর্মকর্তা জানান যে, তীব্র তাপদাহের কারণে গরু অসুস্থ হচ্ছে। এজন্য তিনি দিনে ২বার করে গোসল করানোর পরামর্শ দেন। এছাড়া দুধ, ডিম ও মাংস উৎপাদন স্বাভাবিক আছে মর্মে সভাকে জানান হয়। তিনি আরও জানান যে, প্রতি বছরের ন্যায় এবছরও দুগ্ধ দিবস পালন করা হবে। ৪০ জন খামারীকে ১ লক্ষ টাকা করে পুরুস্কার প্রদান করা হবে।	৫.১২.১- সকল কার্যক্রমের প্রতি গুরুত্ব দিয়ে আন্তরিকতার সাথে বাস্তবায়ন করার জন্য অনুরোধ জানানো হয়।	১। জেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, রাজশাহী

৫.১৩	**জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, রাজশাহী :** জেলা মৎস্য কর্মকর্তার দপ্তরের তথ্য সভায় উপস্থাপন করা হয়। জেলা মৎস্য কর্মকর্তা জানান, জাটকা সংরক্ষণ অভিযান ২০২২-২৩ পরিচালনা অব্যাহত আছে। গত মাসে ১টি মোবাইল কোর্ট, ২৪ টি অভিযান, ৫৪ বার হাট-বাজার পরিদর্শন এবং ৭টি গণসচেতনতামূলক সভা করা হয়েছে। এছাড়া বিকল্প কর্মসংস্থানের জন্য ৪টি উপজেলায় গরু বিতরণ করা হয়েছে মর্মে সভাকে জানানো হয়।	৫.১৩.১ সুষ্ঠুভাবে সকল কার্যক্রম সম্পন্ন করার জন্য অনুরোধ করা হয়।	জেলা মৎস্য কর্মকর্তা, রাজশাহী
৫.১৪	**রাজশাহী মেট্রোপলিটন পুলিশ :** রাজশাহী মেট্রোপলিটন পুলিশ এর কার্যক্রমের তথ্য সভায় উপস্থাপন করা হয়। সভায় আরএমপি'র প্রতিনিধি জানান যে, গণপূর্ত বিভাগের মাধ্যমে বাস্তবায়িত উন্নয়নমূলক প্রকল্পসমূহের নির্মাণ কাজ সুষ্ঠুভাবে চলছে এবং সরকারি বিধি-নিষেধ প্রতিপালনসহ সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে।	৫.১৪.১ গতপূর্ত বিভাগের মাধ্যমে বাস্তবায়িত সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হয়।	পুলিশ কমিশনার, আরএমপি, রাজশাহী
৫.১৫	**রাজশাহী সিটি কর্পোরেশন :** রাজশাহী সিটি কর্পোরেশনের তথ্য সভায় উপস্থাপন করা হয়। সভায় উপস্থিত প্রতিনিধি জানান যে, রাজশাহী মহানগরীর সমন্বিত নগর অবকাঠামো উন্নয়ন প্রকল্প চলমান আছে এবং হযরত শাহ মখদুম রুপোশ (র.)দরগাহ শরীফের উন্নয়ন প্রকল্পের কার্যাদেশ প্রদান করা হয়েছে। তিনি আরও জানান যে, দাপ্তরিক কাজসহ অন্যান্য কাজ সুষ্ঠুভাবে চলছে।	৫.১৫.১- সকল কার্যক্রমের প্রতি গুরুত্ব দিয়ে আন্তরিকতার সাথে কার্যক্রম বাস্তবায়ন করার জন্য অনুরোধ জানানো হয়।	প্রধান নির্বাহী কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন, রাজশাহী
৫.১৬	**স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী :** স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী'র তথ্য সভায় উপস্থাপন করা হয়। উপপরিচালক, স্থানীয় সরকার জানান, উন্নয়ন কর্মকান্ডসহ দপ্তরের সার্বিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তবে জন্ম-নিবন্ধন এর হার বর্তমানে সন্তোষজনক হলেও মৃত্যু নিবন্ধেনের হার সন্তোষজনক নয়। তিনি পৌরসভার মেয়র/ইউপি চেয়ারম্যানগণকে জন্ম নিবন্ধনের পাশাপাশি মৃত্যু নিবন্ধনের হার বৃদ্ধির জন্য অনুরোধ করেন।	৫.১৬.১- পৌরসভা/ইউপি চেয়ারম্যানগণকে জন্ম নিবন্ধনের পাশাপাশি মৃত্যু নিবন্ধনের হার বৃদ্ধির জন্য অনুরোধ করা হয়।	১। প্রধান নির্বাহী কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন ২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), রাজশাহী ৩। উপজেলা/ ইউপি চেয়ারম্যান (সকল), রাজশাহী ৪। মেয়র (সকল) পৌরসভা, রাজশাহী
৫.১৭	**পানি উন্নয়ন বোর্ড, রাজশাহী :** সভায় পানি উন্নয়ন বোর্ড, রাজশাহীর তথ্য উপস্থাপন করা হয়। নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, রাজশাহীর প্রতিনিধি জানান যে, ৬৪ টি জেলার অভ্যন্তরস্থ ছোট নদী, খাল এবং জলাশয় পুনঃখনন প্রকল্প (১ম পর্যায়) এর আওতায় বারনই ও ফকিরনী নদীর পুনঃখনন কাজ চলমান। চারঘাট ও বাঘা উপজেলার পদ্মা নদীর বাম তীরের স্থাপনাসমূহ নদী ভাঙ্গন হতে রক্ষা প্রকল্পের আওতায় ১১ (এগারো)টি প্যাকেজের কাজ চলমান রয়েছে এবং ড্রেজিং এর ০৮টি প্যাকেজে ১৭টি ড্রেজারের মাধ্যমে ড্রেজিং কাজ চলমান। ইতোমধ্যে উক্ত প্রকল্পের ৫৭% কাজ সম্পন্ন হয়েছে।	৫.১৭.১- নির্ধারিত সময়ের মধ্যে সব কাজ সমাপ্ত করার জন্য অনুরোধ জানানো হয়।	১। নির্বাহী প্রকৌশলী, পওর বিভাগ, বাপাউবো, রাজশাহী
৫.১৮	**জেলা পরিষদ, রাজশাহী :** জেলা পরিষদ, রাজশাহী'র তথ্য সভায় উপস্থাপন করা হয়। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, রাজশাহী জানান যে, বিভিন্ন সামাজিক কার্যক্রম চলমান রয়েছে, কোন সমস্যা নাই।	৫.১৮.১- সুষ্ঠুভাবে সকল কার্যক্রম সম্পন্ন করার জন্য অনুরোধ করা হয়।	প্রধান নির্বাহী কর্মকর্তা জেলা পরিষদ, রাজশাহী

৫.১৯	**জেলা পরিসংখ্যান অফিস, রাজশাহী :** এ কার্যালয়ের তথ্য পাওয়া গেছে। সভায় উপপরিচালক, জেলা পরিসংখ্যান অফিস, রাজশাহী জানান যে, জনশুমারি ও গৃহগণনা ২০২১ প্রকল্পের আওতায় ক্রয়কৃত ট্যাবলেটসমূহের অতিরিক্ত ট্যাবলেটসমূহ মাননীয় প্রধানমন্ত্রীর উপহার হিসেবে দেশের মাধ্যমিক ও সমমানের সরকারি মাদ্রাসাসমূহের ৯ম ও ১০ শ্রেণিতে অধ্যায়নরত শিক্ষার্থীদের মাঝে বিতরণ করা হচ্ছে। গত ২৭ মার্চ ২০২৩ তারিখে রাজশাহী সিটি কর্পোরেশনের ৯টি শিক্ষা প্রতিষ্ঠানের ৬৬ জন শিক্ষার্থীকে ট্যাবলেট বিতরণ করা হয়। রাজশাহী সিটি কর্পোরেশনের অবশিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে ১০ এপ্রিল ২০২৩ তারিখে বিতরণ করা হয় মর্মে সভায় জানানো হয়।	<u>৫.১৯.১-</u> সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চালিয়ে যাবার জন্য অনুরোধ করা হয়।	জেলা পরিসংখ্যান অফিসার, রাজশাহী
৫.২০	**জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, রাজশাহী :** এ কার্যালয়ের তথ্য সভায় উপস্থাপন করা হয়। উপপরিচালক জানান যে, জন্ম নিয়ন্ত্রণের বিভিন্ন পদ্ধতি চলমান রয়েছে। এসএসিএমও কর্তৃক স্কুলে কিশোর কিশোরীদের স্বাস্থ্য শিক্ষা প্রদান করা হচ্ছে। প্রতিটি উপজেলায় ১টি করে দেশে মোট ৫০০ টি মডেল ক্লিনিক তৈরি হচ্ছে। আশা করা যায় এ সমস্ত মডেল ক্লিনিকের মাধ্যমে স্বাস্থ্য সেবা প্রদান করা আরও সহজ হবে । তবে তিনি নরমাল ডেলিভারের চেয়ে সিজারের সংখ্যা বেশি হওয়ায় শঙ্কা প্রকাশ করেন।	<u>৫.২০.১-</u> সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চালিয়ে যাবার জন্য অনুরোধ করা হয়।	উপপরিচালক পরিবার পরিকল্পনা, রাজশাহী
৫.২১	**মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, রাজশাহী :** মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, রাজশাহী'র তথ্য সভায় উপস্থাপন করা হয়। সভায় উপপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, রাজশাহী জানান যে, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের কোন উন্নয়ন কার্যক্রম চলমান নেই। তবে নিজস্ব ভবন নির্মাণের জন্য প্রধান কার্যালয়ের নির্দেশনার আলোকে জমি নির্বাচনের কাজ চলমান রয়েছে। এছাড়া দপ্তরের দাপ্তরিক কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।	<u>৫.২১.১-</u> সুষ্ঠুভাবে সকল কার্যক্রম চালিয়ে যাবার জন্য অনুরোধ করা হয়।	উপপরিচালক মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, রাজশাহী
৫.২২	**রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ :** এ অফিসের তথ্য সভায় পাওয়া গেছে। কোন প্রতিনিধি উপস্থিত না থাকায় আলোচনা করা সম্ভব হয়নি।	<u>৫.২২.১-</u> আগামী সভায় স্বয়ং/প্রতিনিধি উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।	প্রধান নির্বাহী কর্মকর্তা রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ
৫.২৩	**নগর উন্নয়ন অধিদপ্তর, রাজশাহী আঞ্চলিক শাখা :** নগর উন্নয়ন অধিদপ্তর, রাজশাহী'র তথ্য সভায় উপস্থাপন করা হয়। সভায় সিনিয়র প্ল্যানার, নগর উন্নয়ন অধিদপ্তর, রাজশাহী জানান যে, তার দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। কোন সমস্যা নেই।	<u>৫.২৩.১-</u> দাপ্তরিক ও অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়।	সিনিয়র প্ল্যানার নগর উন্নয়ন অধিদপ্তর, রাজশাহী আঞ্চলিক শাখা
৫.২৪	**রাজশাহী ওয়াসা:** এ কার্যালয়ের তথ্য সভায় উপস্থাপন করা হয়। কোন প্রতিনিধি উপস্থিত না থাকায় আলোচনা করা যায়নি।	<u>৫.২৪.১-</u> দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করা ও আগামী সভায় প্রতিনিধি উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।	ব্যবস্থাপনা পরিচালক, ওয়াসা, রাজশাহী

৫.২৫	**বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ(বিএমডিএ),রাজশাহী** : সভায় বরেন্দ্র উন্নয়ন কর্তৃপক্ষ, রাজশাহীর তথ্য উপস্থাপন করা হয়। নির্বাহী প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজশাহী বলেন যে, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষের আওতায় ৫টি উন্নয়ন প্রকল্প চলমান আছে। তিনি আরো জানান যে, তীব্র তাপদহের কারণে পানির স্তর ৯৮ফিট ক্রস করেছে। প্রতিটি ডিপের পানি উত্তোলন কমে গেছে। স্বাভাবিকভাবেই জমিতে একবার পানি প্রদানের পর পুনরায় ঐ জমিতে ১৫-২০ দিন পরে পানি পাওয়া যাচ্ছে। সভাপতি মহোদয় এ বিষয়ে গোদাগাড়ি উপজেলার মুকুল সরেনের বিষপানে আত্মহত্যা চেষ্টার বিষয়টি তুলে ধরেন এবং কষ্ট করে হলেও ফসলি জমিতে পানির ব্যবস্থা করার জন্য অনুরোধ করেন। একই সাথে সেচ ব্যবস্থার সাথে সংশ্লিষ্ট ব্যক্তিগণ যেন কৃষকের সাথে ভাল ব্যবহার করেন সে বিষয়ে নির্দেশনা প্রদান করেন।	৫.২৫.১-দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য অনুরোধ করা হলো। ৫.২৫.২ ফসলি জমিতে স্বাভাবিক সেচ ব্যবস্থা নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।	১। নির্বাহী প্রকৌশলী বরেন্দ্র উন্নয়ন কর্তৃপক্ষ, রাজশাহী
৫.২৬	**বিভাগীয় হিসাব নিয়ন্ত্রকের কার্যালয়, রাজশাহী**: বিভাগীয় হিসাব নিয়ন্ত্রকের তথ্য সভায় উপস্থাপন করা হয়। সভায় উপস্থিত প্রতিনিধি জানান, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই।	৫.২৬.১- দাপ্তরিক কার্যক্রম যথারীতি সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য অনুরোধ জানানো হয়।	বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, রাজশাহী
৫.২৭	**যুব উন্নয়ন অধিদপ্তর** : যুব উন্নয়ন অধিদপ্তর, রাজশাহী'র কার্যক্রমের তথ্য সভায় উপস্থাপন করা হয়। উপ-পরিচালক জানান, চলতি অর্থবছরে ১২টি যুব সংগঠনের নিবন্ধন হয়েছে। এছাড়া প্রশিক্ষণ ও ঋণ বিতরণ কর্মসূচিসহ অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।	৫.২৭.১-দাপ্তরিক ও অন্যান্য কর্মসূচির প্রতি গুরুত্ব দিয়ে আন্তরিকতার সাথে কার্যক্রম পরিচালনা করার জন্য অনুরোধ জানানো হয়।	উপ-পরিচালক যুব উন্নয়ন অধিদপ্তর, রাজশাহী
৫.২৮	**জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, রাজশাহী** : জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, রাজশাহী'র তথ্য সভায় উপস্থাপন করা হয়। সভায় সহকারী পরিচালক জানান যে, ভোক্তা অধিকার বিরোধী অপরাধ প্রতিরোধের লক্ষ্যে অভিযান পরিচালনাসহ তাঁর দপ্তরের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।	৫.২৮.১- নির্ধারিত সময়ের মধ্যে সকল কাজ সমাপ্ত করতে সচেষ্ট থাকার জন্য অনুরোধ জানানো হয়।	সহকারী পরিচালক জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, রাজশাহী
৫.২৯	**বিএসটিআই, রাজশাহীঃ** বিএসটিআই, রাজশাহী'র কার্যক্রমের তথ্য সভায় উপস্থাপন করা হয়। উপপরিচালক, বিএসটিআই, রাজশাহী বলেন যে, বিভিন্ন খাদ্য দ্রব্যের উপর মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত আছে এবং অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে।	৫.২৯.১- সুষ্ঠুভাবে সকল কার্যক্রম সম্পাদনের জন্য অনুরোধ জানানো হয়।	উপপরিচালক বিএসটিআই, রাজশাহী
৫.৩০	**বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, রাজশাহী** : বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, রাজশাহী'র কার্যালয় থেকে প্রাপ্ত তথ্য সভায় উপস্থাপন করা হয়। নিরাপদ খাদ্য কর্মকর্তা জানান যে, বিভিন্ন বাজার, খাদ্য কারখানা, খামার এবং অন্যান্য খাদ্য স্থাপনায় মনিটরিং কার্যক্রম চলমান আছে। দাপ্তরিক কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে মর্মে সভায় জানানো হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।	৫.৩০.১- দাপ্তরিক কার্যক্রম যথারীতি সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য অনুরোধ জানানো হয়।	নিরাপদ খাদ্য কর্মকর্তা বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, রাজশাহী

৫.৩১	**জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, রাজশাহী:** জেলা খাদ্য নিয়ন্ত্রকের তথ্য সভায় উপস্থাপন করা হয়। জেলা খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহী বলেন যে, খাদ্যবান্ধব কর্মসূচির আওতায় জনপ্রতি ২৪ কেজি আটা ও ৩০ কেজি চাল প্রদান করা হয়েছে। আগামী সপ্তাহ থেকে ৩০/-টাকা কেজি দরে ধান সংগ্রহ কার্যক্রম চালু হবে মর্মে সভাকে অবহিত করেন। মেয়র, মুন্ডুমালা পৌরসভা, তানোর, রাজশাহী বলেন যে, ওএমএস পণ্য বিলিকরণের জন্য ৩জন ডিলার আছে। ৩জন ডিলার ৩টি স্পটে ওএমএস পণ্য বিতরণ করেন। তিনি আরো কয়েকটি স্পটে ওএমএস পণ্য বিলিকরণের জন্য ডিলার নিয়োগের জন্য অনুরোধ করেন। এ বিষয়ে সভাপতি মহোদয় ওএমএস নীতিমালার আলোকে ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করেন।	৫.৩১.১ সুষ্ঠুভাবে নির্ধারিত সময়ের মধ্যে কার্যক্রম বাস্তবায়নের জন্য অনুরোধ জানানো হয়।	সহকারী খাদ্য নিয়ন্ত্রক ও আহরন ও ব্যয়ন কর্মকর্তা, জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, রাজশাহী
৫.৩২	**পরিবেশ অধিদপ্তর, রাজশাহীঃ** পরিবেশ অধিদপ্তর, রাজশাহী তথ্য সভায় উপস্থাপন করা হয়। সভায় উপপরিচালক, পরিবেশ অধিদপ্তর, রাজশাহী জানান, পরিবেশ দূষণ বিষয়ে মার্চ/২০২৩ মাসে ০১টি অভিযোগ নিষ্পত্তি করা হয়েছে। শব্দ দূষণ নিয়ন্ত্রণ কল্পে মার্চ/২০২৩ মাসে ০১টি মোবাইল কোর্ট পরিচালনা করে ৩,০০০/- টাকা জরিমানা আদায় করা হয়েছে। এছাড়াও পরিবেশ সম্মতভাবে পরিচালিত শিল্প-প্রতিষ্ঠানের অনুকূলে মার্চ/২০২৩ মাসে ১৪টি ছাড়পত্র প্রদান করা হয়েছে মর্মে সভায় জানানো হয়।	৫.৩২.১- দাপ্তরিক ও অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনাসহ নিয়মিত মোবাইল কোর্ট করার জন্য অনুরোধ করা হয়।	উপরিচালক পরিবেশ অধিদপ্তর, রাজশাহী
৫.৩৩	**জেলা সমবায় অফিস, রাজশাহী :** এ কার্যালয়ের তথ্য সভায় উপস্থাপন করা হয়। সভায় প্রতিনিধি জানান, দাপ্তরিক কাজসহ অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।	৫.৩৩.১- সুষ্ঠুভাবে সকল কার্যক্রম সম্পাদনের জন্য অনুরোধ করা হয়।	জেলা সমবায় কর্মকর্তা রাজশাহী
৫.৩৪	**বিভাগীয় বন কর্মকর্তার কার্যালয়, রাজশাহীঃ** এ বিভাগের তথ্য সভায় উপস্থাপন করা হয়। সভায় বিভাগীয় বন কর্মকর্তা জানান যে, রাজশাহী জেলার বিভিন্ন রাস্তায় প্রায় ৬০,০০০ চারা লাগানো হবে। চারা উত্তোলনের কাজ চলমান আছে। এছাড়া দাপ্তরিক কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।	৫.৩৪.১- সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চালিয়ে যাবার জন্য অনুরোধ করা হয়।	বিভাগীয় বন কর্মকর্তা, রাজশাহী
৫.৩৫	**জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস, রাজশাহী :** জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস, রাজশাহী'র দাপ্তরিক তথ্য সভায় উপস্থাপন করা হয়। সহকারী পরিচালক জানান, প্রশিক্ষণ ছাড়া কোন ব্যক্তিই বিদেশ গমন করতে পারবে না। কাজেই বিদেশ গমনেচ্ছুক ব্যক্তিদের সঠিক নিয়ম-কানুন মেনে বিদেশ যাওয়ার অনুরোধ করেন।	৫.২৬.১ প্রতিটি কার্যক্রম আন্তরিকতার সাথে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হয়।	সহকারী পরিচালক, জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস, রাজশাহী
৫.৩৬	**ইসলামিক ফাউন্ডেশন, রাজশাহী :** পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন বলেন যে, চারঘাট উপজেলায় ইমাম ও খাদেম নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন হয়েছে এবং তানোর উপজেলায় ইমাম ও খাদেম নিয়োগ প্রক্রিয়া চলমান। মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম প্রকল্পের সহজ কুরআন শিক্ষা, প্রাক-প্রাথমিক ও বয়স্ক কেন্দ্রে পাঠদান এবং পরিদর্শন কার্যক্রম অব্যাহত আছে। তাছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে জানান।	৫.৩৬.১-সুষ্ঠুভাবে সকল কার্যক্রম সম্পাদনের জন্য অনুরোধ জানানো হয়।	উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, রাজশাহী
৫.৩৭	**জেলা প্রাথমিক শিক্ষা অফিস, রাজশাহী :** জেলা প্রাথমিক শিক্ষা অফিস, রাজশাহী'র তথ্য সভায় উপস্থাপন করা হয়। সভায় জেলা প্রাথমিক শিক্ষা অফিসার জানান, অনলাইনে শিক্ষক বদলী, বকেয়া উপবৃত্তি অর্থ বিতরণ, পরিদর্শন ও অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।	৫.৩৭.১-সুষ্ঠুভাবে সকল কার্যক্রম সম্পাদনের জন্য অনুরোধ জানানো হয়।	জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, রাজশাহী

৫.৩৮	**পিটিআই, রাজশাহী :** পিটিআই, রাজশাহী তথ্য পাওয়া গেছে। সভায় সুপারিনটেনডেন্ট, পিটিআই, রাজশাহী জানান যে, সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের ডিপিএড প্রশিক্ষণ কার্যক্রম আপাতত: স্থগিত আছে। পবিত্র ঈদ-উল-ফিতরের পর পুনরায় চালু হবে মর্মে জানানো হয়।	৫.৩৮.১- সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চালিয়ে যাবার জন্য অনুরোধ করা হয়।	সুপারিনটেনডেন্ট পিটিআই, রাজশাহী
৫.৩৯	**সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, রাজশাহী :** সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, রাজশাহী এর তথ্য সভায় উপস্থাপন করা হয়। কোন প্রতিনিধি উপস্থিত না থাকায় আলোচনা করা সম্ভব হয়নি।	৫.৩৯.১ আগামী সভার পূর্বে তথ্য প্রেরণ নিশ্চিতসহ স্বয়ং/প্রতিনিধি উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।	অধ্যক্ষ, সরকারি টিচার্স ট্রেনিংকলেজ, রাজশাহী
৫.৪০	**জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো :** এ কার্যালয় থেকে তথ্য পাওয়া গেছে। উপস্থিত প্রতিনিধি জানান, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নাই।	৫.৪০.১- সুষ্ঠুভাবে সকল কার্যক্রম সম্পাদনের জন্য অনুরোধ করা হয়।	সহকারী পরিচালক, জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো
৫.৪১	**নাটোর পল্লী বিদুৎ সমিতি-১ :** নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর তথ্য সভায় উপস্থাপন করা হয়। সভায় উপস্থিত প্রতিনিধি জানান যে, বিদ্যুতের চাহিদা অনুযায়ী লোড কম পাচ্ছেন। দাপ্তরিক কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।	৫.৪১.১- নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহে সর্বোচ্চ নিষ্ঠার সাথে কাজ করার জন্য অনুরোধ করা হলো।	জেনারেল ম্যানেজার পল্লীবিদ্যুৎ সমিতি নাটোর-১
৫.৪২	**নাটোর পল্লী বিদুৎ সমিতি-২ :** নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর তথ্য পাওয়া গেছে। সভায় উপস্থিত প্রতিনিধি জানান যে, বিদ্যুতের চাহিদা অনুযায়ী লোড কম পাচ্ছেন। দাপ্তরিক কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।	৫.৪২.১- নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহে সর্বোচ্চ নিষ্ঠার সাথে কাজ করার জন্য অনুরোধ করা হলো।	জেনারেল ম্যানেজার, পল্লীবিদ্যুৎ সমিতি নাটোর-২
৫.৪৩	**বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, রাজশাহী :** এ দপ্তরের কার্যক্রমের তথ্য পাওয়া গেছে। সভায় সহকারী পরিচালক জানান, তাঁর কার্যালয়ের কার্যক্রম যথারীতি চলছে।	৫.৪৩.১ সুষ্ঠুভাবে সকল কার্যক্রম সম্পাদনের জন্য অনুরোধ জানানো হয়।	উপপরিচালক পল্লী উন্নয়ন বোর্ড, রাজশাহী
৫.৪৪	**মহিলা সহায়তা কর্মসূচি, বিভাগীয় কার্যালয়, রাজশাহী :** এ অধিপ্তরের তথ্য পাওয়া গেছে। সভায় প্রতিনিধি জানান, দাপ্তরিক কাজসহ অন্যান্য কাজ সুষ্ঠুভাবে চলছে।	৫.৪৪.১ সুষ্ঠুভাবে সকল কার্যক্রম সম্পাদনের জন্য অনুরোধ করা হয়।	উপ-পরিচালক মহিলা সহায়তা কর্মসূচি, মহিলা বিষয়ক অধিদপ্তর, রাজশাহী
৫.৪৫	**জেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়,রাজশাহীঃ** জেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়,রাজশাহী'র তথ্য সভায় উপস্থাপন করা হয়। উপপরিচালক জানান যে, সরকারি নির্দেশনা মেনে তার দপ্তরের সকল কার্যক্রম পরিচালিত হচ্ছে। তিনি আরও জানান যে, স্বপ্নজয়ী **'মা'** পদক প্রদানের জন্য সার্কুলার জারি হয়েছে। ইতিপূর্বে রাজশাহী সিটি কর্পোরেশনে কোন কিশোর-কিশোরী ক্লাব ছিল না। বর্তমানে রাজশাহী সিটি কর্পোরেশনে ৭টি কিশোর-কিশোরী ক্লাব প্রতিষ্ঠিত হয়েছে। ১৮ বছরের নীচের কিশোর-কিশোরী ক্লাবে যেতে পারবে মর্মে জানানো হয়।	৫.৪৫.১ সরকারি নির্দেশনা মোতাবেক সুষ্ঠুভাবে সকল কাজ সম্পাদনের জন্য অনুরোধ জানানো হয়।	উপ-পরিচালক, জেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়,রাজশাহী
৫.৪৬	**কর্মজীবি মহিলা হোস্টেল :** এ কার্যালয়ের তথ্য পাওয়া গেছে। সভায় উপস্থিত প্রতিনিধি জানান যে, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।	৫.৪৬.১- সুষ্ঠুভাবে সকল কার্যক্রম সম্পাদনের জন্য অনুরোধ জানানো হয়।	হোস্টেল সুপার, কর্মজীবি মহিলা হোস্টেল, রাজশাহী

৫.৪৭	**কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, রাজশাহী** : এ কার্যালয় থেকে তথ্য পাওয়া গেছে। কিন্তু প্রতিনিধি উপস্থিত না থাকায় আলোচনা করা সম্ভব হয়নি।	৫.৪৭.১- আগামী সভায় স্বয়ং/প্রতিনিধি উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।	উপমহা পরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, রাজশাহী।
৫.৪৮	**পল্লী সঞ্চয় ব্যাংক** : পল্লী সঞ্চয় ব্যাংক এর তথ্য সভায় উপস্থাপন করা হয়। জেলা সমন্বয়ক, পল্লী সঞ্চয় ব্যাংক, রাজশাহী জানান যে, পল্লী সঞ্চয় ব্যাংক প্রকল্পের কার্যক্রম চলমান রয়েছে।	৫.৪৮.১- সুষ্ঠুভাবে কার্যক্রম সম্পাদনের জন্য অনুরোধ জানানো হয়।	জেলা সমন্বয়ক, পল্লী সঞ্চয় ব্যাংক, রাজশাহী
৫.৪৯	**পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানি লিমিটেড, রাজশাহী** : এ কার্যালয়ের তথ্য পাওয়া গেছে।উপস্থিত প্রতিনিধি জানান, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নাই।	৫.৪৯.১ সুষ্ঠুভাবে কার্যক্রম পরিচালনা করার জন্য অনুরোধ জানানো হয়।	জেনারেল ম্যানেজার পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লি., রাজশাহী
৫.৫০	**মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড, রাজশাহী** : এ কার্যালয়ের তথ্য পাওয়া গেছে। কিন্ত প্রতিনিধি উপস্থিত না থাকায় আলোচনা করা সম্ভব হয়নি।	৫.৫০.১-আগামী সভায় স্বয়ং/ প্রতিনিধি উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।	সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী
৫.৫১	**কাকনহাট পৌরসভা** : কাকনহাট পৌরসভা'র তথ্য সভায় উপস্থাপন করা হয়। সভায় মেয়র, কাকনহাট পৌরসভা জানান যে, দাপ্তরিক কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।	৫.৫১.১- নিষ্ঠার সাথে কাজ করার জন্য অনুরোধ করা হলো।	মেয়র, কাকনহাট পৌরসভা, রাজশাহী
৫.৫২	**বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প (বিসিক)** : এ কার্যালয় থেকে তথ্য পাওয়া গেছে। সভায় উপমহাব্যবস্থাপক জানান যে, গত ২০.০৩.২০২৩ তারিখে বিসিক প্লট বরাদ্দ কমিটির সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় ১৭ জন উদ্যোক্তাকে ২৩টি প্লট বরাদ্দের সুপারিশ হয়। প্লট বরাদ্দ প্রক্রিয়া চলমান রয়েছে।	৫.৫২.১- নিষ্ঠার সাথে কাজ করার জন্য অনুরোধ করা হলো।	উপমহাব্যবস্থাপক বিসিক, রাজশাহী
৫.৫৩	**বাংলাদেশ তাঁত বোর্ড, রাজশাহী** : বাংলাদেশ তাঁত বোর্ড, রাজশাহী'র তথ্য সভায় উপস্থাপন করা হয়। সভায় উপস্থিত লিয়াজো অফিসার জানান, কোন সমস্যা নেই, সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।	৫.৫৩.১- নিষ্ঠার সাথে কাজ করার জন্য অনুরোধ করা হলো।	লিয়াজো অফিসার, বাংলাদেশ তাঁতবোর্ড, রাজশাহী
৫.৫৪	**ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স** : এ কার্যালয়ের তথ্য পাওয়া গেছে। সভায় উপস্থিত কর্মকর্তা জানান, তার দপ্তরে কোন উন্নয়নমূলক কাজ চলমান নাই। বর্তমানে বহুতল ভবন নির্মিত হচ্ছে,কিন্তু নির্মানের শর্ত মেনে কোন ভবন নির্মিত হচ্ছে না। তিনি রাজশাহী সাহেব বাজারের আগুন নিয়ন্ত্রণ ব্যবস্থা নিয়ে শঙ্কা প্রকাশ করে বলেন যে, দোকানের বৈদ্যুতিক লাইনগুলো দীর্ঘদিনের পুরাতন হওয়ায় শর্ট সার্কিট হওয়ার সম্ভাবনা রয়েছে। এছাড়া আগুন নেভানোর জন্য পর্যাপ্ত পানির ব্যবস্থাও নেই মর্মে জানান। এ বিষয়ে সভাপতি মহোদয় পূর্ব থেকেই পানির উৎস ঠিক করে সহজেই পানি উত্তোলন করা যায় এমন ব্যবস্থাপনার প্রতি গুরুত্বারোপ করেন।	৫.৫৪.১- সুষ্ঠুভাবে সকল কার্যক্রম চালিয়ে যাবার জন্য অনুরোধ করা হয়।	সহকারী পরিচালক ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, রাজশাহী

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সকলের সুস্বাস্থ্য ও মঙ্গল কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

শামীম আহমেদ, জেলা প্রশাসক ও
সভাপতি, জেলা উন্নয়ন সমন্বয় কমিটি,
রাজশাহী

স্মারক নম্বর: ০৫.৪৩.৮১০০.০৩৬.০৬.০০১.২৩.৩৩

তারিখ: ১৭ বৈশাখ ১৪৩০
৩০ এপ্রিল ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মাননীয় প্রতিমন্ত্রী, প্রতিমন্ত্রীর দপ্তর, পররাষ্ট্র মন্ত্রণালয় ও মাননীয় সংসদ সদস্য, রাজশাহী-৬
২) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
৪) মুখ্য সমন্বয়ক (এসডিজি) , মুখ্য সমন্বয়ক (এসডিজি) এর দপ্তর, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
৫) মাননীয় সংসদ সদস্য, রাজশাহী-১/রাজশাহী-২/রাজশাহী-৩/রাজশাহী-৪/রাজশাহী-৫
৬) সিনিয়র সচিব/সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়/জননিরাপত্তা ও সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়/কৃষি মন্ত্রণালয়/খাদ্য মন্ত্রণালয়/স্বাস্থ্য মন্ত্রণালয়/বাণিজ্য মন্ত্রণালয়/তথ্য মন্ত্রণালয়/বস্ত্র ও পাট মন্ত্রণালয়/গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়/ভূমি মন্ত্রণালয়/বিদ্যুৎ বিভাগ এবং জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়/মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়/ডাক, টেলিযোগাযোগ ও প্রযুক্তি বিষয়ক মন্ত্রণালয়/যুব ও ক্রীড়া মন্ত্রণালয়/মৎস্য ও প্রাণি সম্পদ মন্ত্রণালয়/পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
৭) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী
৮) প্রধান নির্বাহী কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন
৯) ...., ...
১০) প্রোগ্রামার, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী [স্বাক্ষরিত কার্যবিবরণীটি ওয়েব পোর্টালে আপলোডের অনুরোধসহ]

মোঃ আনিসুল ইসলাম
অতিরিক্ত জেলা প্রশাসক (উন্নয়ন ও
মানবসম্পদ ব্যবস্থাপনা)